



আসন্ন নির্বাচনেই দেশের ভবিষ্যৎ নির্ধারিত হবে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

অতীতে যারা বাংলাদেশকে স্বীকৃতি দেয়নি, তারাই এখন সবচেয়ে বেশি অস্থিরতা তৈরি করছে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার রাজধানীতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, বিএনপিকেই আজ সবচেয়ে বড় শত্রু হিসেবে দেখা হচ্ছে। যারা একসময় এই দেশের অস্তিত্ব মানতে চায়নি, তারাই এখন নানা ধরনের ষড়যন্ত্রে জড়াচ্ছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনেই নির্ধারিত হবে বাংলাদেশ উদার গণতন্ত্রের পথে থাকবে, নাকি উগ্র ও রাষ্ট্রবিরোধী শক্তির কবলে পড়বে।

তিনি আরও বলেন, বিএনপি ধর্মে বিশ্বাসী। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান সংবিধানে প্রথম ‘বিসমিল্লাহির রহমানির রাহিম’ সংযোজন করেন এবং আল্লাহর ওপর আস্থার কথা বলেন। কিন্তু ধর্মের নামে রাজনীতি ও বিভাজন সৃষ্টির বিরোধিতা করেন তিনি।

নির্বাচন প্রসঙ্গে বিএনপি মহাসচিব বলেন, আর অল্প সময় বাকি থাকলেও কেউ কেউ এখনো নির্বাচন হবে কি না তা নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছে। বাস্তবে তাদের জনসমর্থন নেই বললেই চলে।

মির্জা ফখরুল বলেন, জনগণ চাইলে বিএনপি সরকারে যাবে, না চাইলে বিরোধী দলে থাকবে। তবে নির্বাচনকে ঘিরে আগেভাগে হুমকি ও উত্তেজনা তৈরির কোনো যৌক্তিকতা নেই। এই নির্বাচন দেশের ভবিষ্যৎ নির্ধারণ করবে, তাই গণতন্ত্র ও উদারতার পথেই এগোতে হবে।